

শ্রীচৈতন্য মহাবিদ্যালয়

অভ্যন্তরীণ মূল্যায়ন- ২০২১

সেমিস্টার -৪

বাংলা সামানিক- CC-9

[BNGACORO9T]

পূর্ণমান- ২০

সময়- ১ ঘন্টা

বিভাগ- ক

১। " স্ত্রী ? ওটা কি একটা যুক্তি ? ওটা কি একটা সত্য ? ঐ কথাটার মধ্যে একটা আস্ত মানুষকে আগাগোড়া পুরে ফেলে কি তালাবন্ধ করে রাখা যায়?" - কোন্ প্রসঙ্গে, কার ভাবনা ? (২)

অথবা

"আমাকে তোমাদের বড়োমানুষির ফাঁদে ফেলো না ।" - কে,কাকে একথা বলেছেন?(২)

২। ' কাব্যের উপেক্ষিতা ' প্রবন্ধটির প্রকাশকাল লেখো। এই প্রবন্ধের তিন উপেক্ষিতা নারীর নাম লেখো। (১+১)

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের 'রামায়ণ' প্রবন্ধের স্বাতন্ত্র্য কোথায় ? (২)

৩। রবীন্দ্রনাথ ছেলেবেলায় কুস্তি শিখতেন যে পালোয়ানের কাছে , তার নাম কী ? (২)

অথবা

'ছেলেবেলা' গ্রন্থ অনুসারে রবীন্দ্রনাথ প্রথম যে বিদ্যালয়ে পড়েছিলেন, তার নাম লেখো । (২)

৪। "চিরকাল মানুষের সভ্যতায় একদল অখ্যাত লোক থাকে;তাদেরই সংখ্যা বেশি;তারাই বাহন;তাদের মানুষ হবার সময় নেই;দেশের সম্পদের উচ্চিষ্টে তারা পালিত" - কোন্ প্রসঙ্গে লেখক একথা বলেছেন? (২)

অথবা

ধনগত বৈষম্যের বড়াই আমাদের দেশে কোথা থেকে এসেছে বলে লেখক মনে করেছেন? (২)

বিভাগ- খ

যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : (২×৬)

৫। 'ঘরে- বাইরে' উপন্যাসের বিমলা চরিত্রটির মধ্যে যে দ্বন্দ্ববিক্ষুব্ধ মানসিকতার প্রতিফলন দেখা যায়, তা,তাদের স্বরূপ বিশ্লেষণ করো । (৬)

অথবা

'ঘরে- বাইরে' উপন্যাসের গঠনকৌশল আলোচনা করো । (৬)

৬। "কেহ যদি তরণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফল, কেহ যদি মর্ত্য ও স্বর্গ একত্র দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে ।"এই উক্তির আলোকে রবীন্দ্রনাথের 'শকুন্তলা' প্রবন্ধটি গ্রহণ করা যায় কিনা আলোচনা করো । (৬)

অথবা

সমালোচনা সাহিত্যের ধারা অনুসরণ করে রবীন্দ্রনাথ রামায়ণ কে যে দৃষ্টিতে দেখেছেন, 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে তা' আলোচনা করো । (৬)

৭। 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের বাল্যাশিক্ষার পরিচয় দাও । (৬)

অথবা

রবীন্দ্রনাথের স্মৃতি অনুসরণ করে সেকালের কোলকাতার পরিচয় দাও । (৬)

৮। পিছিয়ে পড়া জাতের শিক্ষার জন্য সোভিয়েত রাশিয়ায় কেমন উদ্যোগ নেওয়া হয়েছিল, 'রাশিয়ার চিঠি'র একাদশতম পত্রটি অবলম্বনে আলোচনা করো । (৬)

অথবা

'রাশিয়ার চিঠি'র দ্বিতীয় পত্রে রবীন্দ্রনাথ যা বর্ণনা করেছেন, তা' সংক্ষেপে লেখো । (৬)

উত্তরপত্র জমা দেওয়ার লিংক :

<https://forms.gle/P96F37e9Zk6J9xyh9>